কালের কণ্ঠ

তারিখ ....23 AUG 2015..
পৃষ্ঠা ...৯... কলাম ...৫...

সেন্ট গ্রেগরিজ উচ্চ বিদ্যালয়

# স্কাউটিংয়ে ঐতিহ্য আর সফলতার সমন্বয়

ইমরান নাজির ▷

শিক্ষার সঙ্গে সহশিক্ষার অপূর্ব সম্মিলনের নাম পুরান ঢাকার সেন্ট গ্রেগরিজ উচ্চ বিদ্যালয়। এখানকার শিক্ষার্থীরা গ্রেগরিয়ান নামে পরিচিত। বাংলাদেশের জাতীয় পর্যায়ের সব সহশিক্ষা কার্যক্রম সেন্ট গ্রেগরিজকে ছাড়া যেন পূর্ণতাই পায় না। স্কাউট, খেলাধুলা, চিত্রাঙ্কন, ম্যাথ অ্যান্ড কুইজ প্রতিযোগিতা, বিজ্ঞান উৎসব–সব আয়োজনেই থাকে সেন্ট গ্রেগরিজ শিক্ষার্থীদের সরব উপস্থিতি। বাংলাদেশের স্কাউটস অঙ্গনে তারাই মূলত নেতৃস্থানীয়। শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে সেন্ট গ্রেগরিজই সর্বপ্রথম ১৯১৪ সালে স্কাউট ট্রুপ গঠন করে বাংলাদেশে এর শিক্ষা কার্যক্রম চালু করে। গ্রেগরিয়ান স্কাউট দল শুধু ভারতীয় উপমহাদেশেই নয়, স্কাউট আন্দোলনের সবচেয়ে প্রাচীন স্কাউট দল। এ বছর জানুয়ারি মাসে স্কাউটসের শতবর্ষ পূর্তি উদ্‌যাপন করা হয়। ১৯৪৩ সালে দশম শ্রেণির ছাত্র স্বাধীন বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ ও নবম শ্রেণির ছাত্র নিকোলাস রোজারিও স্কাউটিংয়ে বিশেষ কৃতিত্বের জন্য পুরস্কৃত হয়েছিলেন। পরবর্তী সময়ে ১৯৫৪ সালে ফিলিপাইন আন্তর্জাতিক জাম্বুরিতে স্কাউট টিচার মি. নিকোলাস রোজারিও এই স্কুলের স্কাউটসহ এতে অংশ নিয়েছিলেন। সর্বশেষ ২৩তম স্কাউট জাম্বুরি জাপানে অংশগ্রহণ করে গ্রেগরিয়ানরা। তারা বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমে সফলতার সঙ্গে অংশগ্রহণ করে জাম্বুরি অ্যাওয়ার্ড অর্জন করে। এ ছাড়া হিরোশিমা পিস প্রোগ্রামে গ্রেগরিয়ানরা বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় অঙ্গীকার করেছে। বাংলাদেশে স্কাউট আন্দোলন সঠিকভাবে পরিচালনায় গ্রেগরিয়ানরা সব সময় সচেষ্ট। এ বছর ১৩ জন গ্রেগরিয়ান জাপানে স্কাউট জাম্বুরিতে অংশগ্রহণ করে জাম্বুরি অ্যাওয়ার্ড পেয়েছে। বিভিন্ন জাম্বুরিতে অংশগ্রহণ করে গ্রেগরিয়ানরা জাতীয় পর্যায় থেকে শুরু করে আন্তর্জাতিক পুরস্কার ছিনিয়ে এনেছে। জাতীয় পর্যায়ে 'স্কাউট জাম্বুরি প্রেসিডেন্সি অ্যাওয়ার্ড', 'স্কাউট জাম্বুরি অ্যাওয়ার্ড বাংলাদেশ' এবং আন্তর্জাতিক পর্যায়ে 'স্কাউট জাম্বুরি অ্যাওয়ার্ড নেপাল' ও 'স্কাউট জাম্বুরি অ্যাওয়ার্ড জাপান'–এসব সোনালি অর্জন এখন গ্রেগরিয়ানদের দখলে।

আর এখান থেকেই শিক্ষাজীবন শুরু করেন নোবেল বিজয়ী অমর্ত্য সেনসহ বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ, সাবেক রাষ্ট্রপতি বদরুদ্দোজা চৌধুরী, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আইনজ্ঞ ও সংবিধানপ্রণেতা ড. কামাল হোসেন প্রমুখ গ্রেগরিয়ান।

শিক্ষকদের আন্তরিকতা ও প্রচেষ্টায় শিক্ষাকে পরিপূর্ণতা প্রদানে সেন্ট গ্রেগরিজ উচ্চ বিদ্যালয় এক অনন্য নাম।